তারিখ ...... 27 JUL 2016
পৃষ্ঠা ..৩.... কলাম..৪......

যুগান্তর

# নর্থ সাউথের প্রোভিসিসহ ৩ জন কারাগারে

কোর্ট রিপোর্টার

গুলশানে হলি আর্টিজান রেস্তোরাঁয় হামলাকারী জঙ্গিদের বাসা ভাড়া দেয়াসহ তথ্য গোপনের অভিযোগে গ্রেফতার নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (সাময়িক বরখাস্ত) এসএম গিয়াস উদ্দিন আহসানসহ ৩ জনকে রিমান্ড শেষে কারাগারে পাঠানো হয়েছে। অপর দু'জন হলেন— গিয়াস উদ্দিনের ভাগনে আলম চৌধুরী ও ওই ফ্ল্যাটের তত্ত্বাবধায়ক মাহবুবুর রহমান। মঙ্গলবার ঢাকার মহানগর হাকিম নূর নাহার ইয়াসমিন আসামিদের কারাগারে পাঠানোর এ আদেশ দেন। এর আগে মামলার তদন্ত কর্মকর্তা পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্স ন্যাশনাল ক্রাইম ইউনিটের পরিদর্শক হুমায়ুন কবির আসামিদের ৮ দিনের রিমান্ড শেষে আদালতে হাজির করেন।

■ পৃষ্ঠা ৭ : কলাম ৭

## ৩ জন কারাগারে

(৩য় পৃষ্ঠার পর)

আসামিদের পক্ষে কোনো আবেদন ছিল না। গ্রেফতারের পর ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারার এ মামলায় ১৭ জুলাই আসামিদের রিমান্ডে নিয়ে ১০ দিন জিজ্ঞাসাবাদের আবেদন করা হলে প্রত্যেকের ৮ দিন করে রিমান্ড মঞ্জুর করা হয়।

১৬ জুলাই বিকালে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার ৬ নম্বর রোডের ই-ব্লকের ৩ নম্বর টেনামেন্টের ফ্ল্যাট এ/৬ থেকে তিনজনকে আটক করা হয়।